**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফ্যাক্স: +৮৮-০২-৫৫০১৩৫১৮, ওয়েব সাইট: www.berc.org.bd

পত্রসংখ্যা:বিইআরসি/নিয়োগ/প্রশাঃ-২৮৫(অংশ-৪)/ ৫৩৪৮ তারিখ: ২২ আগস্ট ২০১৭

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে নিম্নবর্ণিত পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (২০১৫ এর জাতীয় বেতন স্কেল অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | সহকারী পরিচালক (পেট্রোলিয়াম)<br>টা: ২২০০০/- -৫৩০৬০/- | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাইনিং, বিদ্যুৎ কেমিক্যাল, প্রাকৃতিক গ্যাস অথবা পেট্রোলিয়াম সংক্রান্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (প্রকৌশল) ডিগ্রী:<br>(খ) পাবলিক পরীক্ষায় অনূন্য ২ (দুই) টি প্রথম শ্রেণি বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | সকল বিভাগ<br>(মুক্তিযোদ্ধা কোটা) |
| ০২ | ব্যক্তিগত সহকারী<br>টা: ১০২০০/- - ২৪৬৮০/- | ০২(দুই) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী | সকল বিভাগ<br>(মুক্তিযোদ্ধা কোটা -১টি) |
| ০৩ | অফিস সহায়ক<br>টা: ৮২৫০/- - ২০০১০/- | ০১(এক) টি | ৮ম শ্রেণি পাস | সকল বিভাগ<br>(মুক্তিযোদ্ধা কোটা) |

**শর্তাবলী ঃ**

০১। আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স ( ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ কমিশনের ওয়েবসাইট (www.berc.org.bd)/অফিস হতে সংগৃহিত নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল এবং সনদপত্রসমূহ ডাকযোগে **সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫** বরাবর আগামী ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পাঠাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহিত হবেনা।

০২। আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের অনুলিপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়)।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি (এক কপি ছবি আঠা দিয়ে দরখাস্তের ডান পাশে লাগিয়ে দিতে হবে)।

(গ) ১ (এক) কপি চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

(ঘ) নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।

(ঙ) অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

(চ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/মুজিবনগর কর্মচারীর সন্তান বা উপজাতীয় বা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি।

(ছ) আবেদনের সঙ্গে **'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন'** এর অনুকূলে ১নং ক্রমিক ৫০০/- (পাঁচশত) টাকার এবং ২ও ৩ নং ক্রমিক ৩০০/- (তিনশত) টাকার যে কোন তফসিলী ব্যাংকের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। এছাড়া ঢাকা শহরের যে কোন তফসিলী ব্যাংক থেকে পে-অর্ডার গ্রহণযোগ্য।

০৩। আবেদনকারীর বয়স ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখ তারিখ সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। আবেদনপত্রের খামের উপরে ডানপাশে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

০৫। সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। সরকারি, আধা-সরকারি দপ্তর/সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

০৮। প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।

১০। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

22.08.17

মুহঃ মাহবুবর রহমান
সচিব
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
ঢাকা।

<u>আবেদন পত্রের নমুনা</u>

পদের নামঃ

নিজ জেলা ও বিভাগঃ

সচিব
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার
ঢাকা-১২১৫।

বিষয় ঃ ------------------------------------------------- পদে নিয়োগের জন্য আবেদন।

১। আবেদনকারীর নাম (ক) বাংলায় ঃ
(খ) ইংরেজীতে ঃ
২। পিতার নাম ঃ
৩। স্বামীর নাম
৪। মাতার নাম ঃ
৫। স্থায়ী ঠিকানা ঃ
৬। বর্তমান ঠিকানা (ডাক যোগাযোগ) ঃ
৭। জন্ম তারিখ (এসএসসি বা সমমান পরীক্ষা সনদ অনুযায়ী) ঃ
৮। বয়স (২১/০৯/২০১৭) তারিখে ঃ --------------- বৎসর ------------- মাস ---------- দিন
৯। শিক্ষাগত যোগ্যতা ঃ

| ক্রমিক | ডিগ্রী ও বিষয়ের নাম/ পরীক্ষার নাম | পরীক্ষার সন | বিশ্ববিদ্যালয়ের নাম/ বোর্ডের নাম | বিভাগ/শ্রেণী/জিপিএ | সনদ সংযুক্ত কিনা হ্যাঁ/না |
|---|---|---|---|---|---|
| (১) | | | | | |
| (২) | | | | | |
| (৩) | | | | | |
| (৪) | | | | | |
| (৫) | | | | | |
| (৬) | | | | | |

১০। মোবাইল নম্বর ঃ
১১। জাতীয়তা ঃ
১২। ধর্ম ঃ
১৩। কোটা ঃ (ক) আবেদনকারী কোন বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা সন্তান/ আনসার/ ভিডিপি সদস্য/এতিম খানার নিবাসী/শারীরিক প্রতিবন্ধী/ উপজাতী) দাবীদার হলে কোটার নাম ঃ ....................

১৪। অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ (ক) কর্মরত হলে (✓) টিক দিন ঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা
(খ) পদের নাম ঃ ..........................................................................
(গ) সংস্থার নাম ঃ ......................................................................
(ঘ) চাকুরীকাল ঃ .........................................................................
(ঙ) প্রামানিক দলিল (নিয়োগপত্র/অভিজ্ঞতাপত্র) সংযুক্ত কিনা? (✓) টিক দিন ঃ হ্যাঁ/না

১৫। সংযুক্ত ঃ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ক্রসড পোষ্টাল অর্ডার এর মূলকপি। নং --------------------------
ব্যাংকের নাম ------------------------------ শাখা- ------------------------------
টাকার পরিমাণ ---------------------------- তারিখ- --------------------------

১৬। জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ -----------------------------------------------------
প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদির সনদ, জাতীয়তা সনদ, চারিত্রিক সনদ ইত্যাদির ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং ৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ মোট ----------------- পাতা।

আবেদনের তারিখঃ ----------------------.

আবেদনকারী স্বাক্ষর ---------------------------------------

পূর্ণনাম ----------------------------------------------

---